যে ব্যক্তি কারো স্ত্রীকে তার স্বামীর বিরুদ্ধে অথবা ক্রীতদাসকে তার মনিবের বিরুদ্ধে উত্তেজিত করে সে আমাদের দলভুক্ত নয়।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে মারফূ হিসেবে বর্ণিত, “যে ব্যক্তি কারো
স্ত্রীকে তার স্বামীর বিরুদ্ধে অথবা ক্রীতদাসকে তার মনিবের বিরুদ্ধে উত্তেজিত করে
সে আমাদের দলভুক্ত নয়।”
[সহীহ] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

যে লোক কারো স্ত্রীকে নষ্ট করার জন্য তার স্বামীর বিরুদ্ধে উত্তেজিত করে তোলে, চাই নষ্টকারী পুরুষ হোক কিংবা মহিলা হোক, যেমন কোনো পুরুষ কারো স্ত্রীর নিকট তার স্বামীর দোষ-ত্রুটি বর্ণনা করা ও তার মন্দ স্বভাব-চরিত্র তোলে ধরার মাধ্যমে স্বামীকে ঘৃণার পাত্র বানায়, স্বামীর বিরুদ্ধে বিদ্রোহী করে তোলে এবং তালাক বা খোলা পর্যন্ত নিয়ে যাওয়ার চেষ্টা করে, সে আমাদের দলভুক্ত ও পন্থাভুক্ত নয়; বরং সে শয়তানের মতো কাজ করল। অনুরূপ যে লোক কারো ক্রতদাসকে নষ্ট করলো এবং তাকে এমন কিছু শিখালো, যাতে সে মনিবের বিরুদ্ধে বিদ্রোহী হয়ে উঠে এবং মনিবের সাথে খারাপ ব্যবহার করে, সে আমাদের দলভুক্ত ও পন্থাভুক্ত নয়; বরং সে শয়তানের মতো কাজ করল।

https://sunnah.global/hadeeth/bn/show/8884